১৩/৭/২০০১

দৈনিক সংবাদ

তারিখ ঃ ...............
পৃষ্ঠা ১০ কলাম ... ২ ...

### শিক্ষক সমিতি ফেডারেশন

# শিক্ষা প্রতিষ্ঠানকে দলীয় রাজনীতিমুক্ত রাখুন

নিজস্ব বার্তা পরিবেশক ঃ আগামী জাতীয় সংসদ নির্বাচনে যারা বিজয়ী হবেন তাঁদেরকে এলাকার স্কুল, কলেজ, মাদ্রাসার পরিচালনা পরিষদের দায়িত্বে না যাওয়া এবং শিক্ষা প্রতিষ্ঠানকে দলীয় রাজনীতি মুক্ত রাখতে আগাম আহ্বান জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দ। তারা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মকর্তা-কর্মচারীদের গত জুন ও জুলাই মাসের বেতনের সরকারি অংশ অবিলম্বে পরিশোধ করার জন্য তত্ত্বাবধায়ক সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে এসব দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে শিক্ষক নেতৃবৃন্দ এইচএসসি পরীক্ষায় ফল বিপর্যয়, আগামী জাতীয় সংসদ নির্বাচনে শিক্ষকদের দায়িত্ব পালন ও সেই সময় ছাত্র সংসদের কার্যকারিতা স্থগিতকরণ, শিক্ষা প্রতিষ্ঠানকে সন্ত্রাস ও দলীয় রাজনীতি মুক্ত করা, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য পেনশন প্রথা প্রবর্তন, বর্তমান নিয়োগ প্রথার অবসান, পিএসসির অনুরূপ শিক্ষক নিয়োগ ও মেধাবী ব্যক্তিদের শিক্ষকতা পেশায় আকৃষ্ট করার লক্ষ্যে স্বতন্ত্র জাতীয় বেতন স্কেল প্রবর্তনসহ বিভিন্ন দাবি জানান।

সংবাদ সম্মেলনে বক্তৃতা করেন বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান মো. আমানুল্লাহ, মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক প্রমুখ।